

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
প্রশাসন-১ অধিশাখা  
www.minland.gov.bd

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ  
০৪ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর: ৩১.০০.০০০০.০৩৫.১১.০০০১.১১.(অংশ-৬)-১১৩৭

বিষয়: শূন্যপদ পূরণের জন্য ছাড়পত্র প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের ১১-২০তম গ্রেড এর চলমান নিয়োগে ছাড়পত্র গ্রহণকৃত পদের অতিরিক্ত হিসেবে কম্পিউটার অপারেটর পদের ১টি ও অফিস সহায়ক পদের ২টি শূন্য পদ সরাসরি নিয়োগ প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ছাড়পত্র প্রদান করা হলো।

ক্রমিক নং	পদের নাম	মঞ্জুরিকৃত পদ	কর্মরত	শূন্যপদ	ইতোমধ্যে ছাড়পত্র গ্রহণকৃত পদ	সংরক্ষিত (১০%)	অতিরিক্ত নিয়োগযোগ্য পদ
০১।	কম্পিউটার অপারেটর	০৬টি	০৩ জন	০৩টি	১টি	০১টি	০১টি
০২।	অফিস সহায়ক	৪৪টি	২৪ জন	২০টি	১৪টি	০৪টি	২টি
সর্বমোট =		৫০টি	২৭ জন	২৩টি	১৫টি	০৫টি	৩টি

শর্তসমূহঃ


ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয়ে অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।

খ) অর্গানোগ্রাম ও পদসৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণির পদের বিপরীতে মঞ্জুরিকৃত পদসংখ্যার ভিত্তিতে পদপূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ/তথ্য প্রদানকারী দায়ী থাকবে।

গ) পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) তারিখ-২৪/১১/২০১০ এবং ০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২৪৯ তারিখ-১৯/১০/২০২১ অবশ্যই পালন/অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ৪(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০১(এক) বৎসর এবং পরিপত্রের ৪(গ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৪(ঙ) অনুযায়ী নির্দিষ্ট সময় সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে।

ঘ) ছাড়কৃত পদ পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে।

ঙ) ছাড়কৃত পদ পূরণ করার ১৫ দিনের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

  
০৪/০৬/২০২৬

(তপন কুমার পাল)  
সহকারী সচিব (সংস্থাপন)  
ফোন- ০২৫৫১০০৮১৪

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), ভূমি মন্ত্রণালয়।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।